**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 08.07.2026** **Desk in Charge :**
**Time: 1-40PM** **Edit.:- DSS**
**DEO: KB** **Compile. & NRT. : DSS**

*************************************************************************

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকাকে খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের পুলিশের গুলিতে মৃত্যুর ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। শাসক দল বিজেপি বলেছে, এর মধ্যে দিতে সরকার এক উদাহরণ তৈরী করলো। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, কোন রাজনৈতিক নেতার প্রশ্রয়েই যে কোনো অপরাধী রেহাই পাবে না, এই ঘটনা তারই প্রমাণ। বিজেপি মুখপাত্র দেবজিৎ সরকার একে 'দৈব বিচার' হিসেবে মন্তব্য করেছেন।

এদিকে কংগ্রেসের দাবী, এভাবে এনকাউন্টারের পথে না হেঁটে বিচার ব্যবস্থার ওপর আস্থা রাখা উচিত। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, ঘটনার তদন্তের দাবী তুলেছেন। কংগ্রেস নেতা অধীর চৌধুরী আজ বারুইপুরে যাচ্ছেন।

তৃণমূল কংগ্রেসের ঋতব্রত গোষ্ঠী অবশ্য এই ঘটনায় সরকারের প্রশংসা করেছে। এই প্রসঙ্গে তাঁরা মমতা ব্যানার্জী সরকারের আনা 'অপরাজিতা বিল'-এর কথাও উল্লেখ করেছেন। তবে, মমতা পন্থী তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র, প্রভাসের মৃত্যুর ঘটনাকে উত্তরপ্রদেশের সঙ্গে তুলনা করে অভিযোগ করেছেন, এরাজ্যেও শুরু হয়েছে 'জঙ্গলরাজ'।

*****************************

এদিকে, প্রভাসের মা সন্ধ্যা মন্ডল জানিয়েছেন, তাঁর ছেলে যে কাজ করেছে, সেই কারণে তাঁর মৃত্যুতে তাঁদের কোন আফসোস নেই। এমন কি, ছেলের মৃতদেহ নিতেও অস্বীকার করেছেন তিনি। তাঁর ছেলে যে অন্যায় করেছে, তার উপযুক্ত শাস্তি সে পেয়েছে বলেও সন্ধ্যা দেবীর দাবী।

( বাইট- মৃতের মা সন্ধ্যা )

আগেই জানানো হয়েছে, প্রভাস মন্ডলকে পুলিশ প্রথমে গ্রেফতার করে। এরপর গতরাতে মামলার তদন্তে সূর্যপুরে 'অপরাধ স্হলে' ঘটনার পুনর্নির্মাণের কাজ শুরুর ঠিক আগে সে এক পুলিশ কর্মীর আগ্নেয়াস্ত্র ছিনিয়ে নিয়ে পালানোর চেষ্টা করে বলে অভিযোগ। আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে, গুরুতর আহত হয় প্রভাস। তাকে দ্রুত বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। প্রভাসের দেহ বর্তমানে বারুইপুর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। ম্যাজিস্ট্রেট তার দেহের সুরতহাল করবে। পরে তার দেহ নিয়ে যাওয়া হবে কাটাপুকুর মর্গে। সেখানেই হবে দেহের ময়নাতদন্ত।

এদিকে, এই ঘটনায় আর এক অভিযুক্ত কবীর মোল্লাকে পুলিশ গ্রেফতার করেছে। STF, বারুইপুর SOG ও জেলা পুলিশ যৌথ অভিযান চালিয়ে, উত্তর ২৪ পরগনার বসিরহাট এলাকা থেকে কবীরকে গ্রেফতার করে। তাকে বারুইপুরে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এরপর তোলা হবে বারুইপুর মহকুমা আদালতে।
এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো–চার।

*********************************

গরুপাচারে জড়িত থাকার অভিযোগে পূর্ব বর্ধমানের জামালপুর থানার মাধবপুর থেকে দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃত শেখ পিন্টু ও আজিম আলি খানের বাড়ি, জামালপুর থানা এলাকাতেই। তাদের কাছ থেকে বাজেয়াপ্ত করা হয়েছে গরু বোঝাই একটি পিকআপ ভ্যান। ধৃতদের গতকাল বর্ধমান আদালতে তোলা হলে, তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

******************************

রাজ্যের পৌর ও নগরোন্নয়ন দপ্তর এক নজিরবিহীন সিদ্ধান্তে, পশ্চিম বর্ধমানের আসানসোল পৌরনিগম ভেঙ্গে দিয়েছে। পশ্চিমবঙ্গ পৌর নিগম আইন-২০০৬-এর ৬০-এর এক ধারার অধীনে অবিলম্বে এই বোর্ড ভেঙ্গে প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত জানানো হয়েছে। আসানসোল-দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষের (ADDA) সিইও, আসানসোলের প্রাক্তন পুর কমিশনার, IAS আধিকারিক অদিতি চৌধুরীকে নিয়োগ করা হয়েছে প্রশাসক হিসেবে। আগামী ছয় মাস অথবা নতুন বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত তিনিই পুরনিগমের সমস্ত প্রশাসনিক দায়িত্ব সামলাবেন।

উল্লেখ্য, বোর্ড নিয়ে অনিয়ম ও সম্পত্তি কর মকুব সহ একাধিক অভিযোগে আসানসোল পুর নিগমকে পয়লা জুলাই রাজ্যের তরফে শো-কজ করা হয়। মেয়র বিধান উপাধ্যায় এর জবাবে ৬ পাতার ই-মেইল পাঠালেও সরকার তাতে সন্তুষ্ট হয়নি। মেয়র ভোটের আগে ও পরে সমস্ত অচলাবস্থার দায় পুর কমিশনারের ওপর চাপালেও, তাতে শেষ রক্ষা হলনি।

******************************

পুর পরিষেবা সংক্রান্ত বিষয় সমস্যা নিয়ে নাগরিকদের কথা শুনতে গতকাল আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে, "মুখোমুখি "অনুষ্ঠান। ফোনের মাধ্যমে মুখোমুখি অনুষ্ঠানে নানা সমস্যার কথা শোনেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। অনুষ্ঠানে পুর ও নগরোন্নয়ন দপ্তরও পুরসভার উচ্চপদস্থ আধিকারিকেরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্নপূর্ণা যোজনা অর্থ না পাওয়া সংক্রান্ত সমস্যার ফোন বেশি আসে।

******************************

কলকাতার স্কুল গুলিতে মিড ডে মিলের রান্না করা খাবার দেওয়ার দায়িত্ব ইসকনকে দেওয়া হবে বলে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বিধানসভায় যে বিবৃতি দেন, তার

বিরুদ্ধে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় রাজ্যকে চার সপ্তাহের মধ্যে হলফনামা দিতে বলা হয়েছে।

কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের বেঞ্চে রাজ্যের এডভোকেট জেনারেল জানিয়েছেন, এই বিষয়টি এখনো পর্যন্ত প্রস্তাবের পর্যায়ে, কোনো সিদ্ধান্ত হয়নি। ফলে এখনই এব্যাপারে মামলার'ও প্রয়োজন নেই।

অন্যদিকে, মামলাকারী শীর্ষাণ্য বন্দ্যোপাধ্যায়ের পক্ষে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আদালতে সওয়াল করেন, মুখ্যমন্ত্রী যে বিধানসভায় এই সিদ্ধান্তের কথা জানাননি, রাজ্য সরকার তাহলে তা' হলফনামা দিয়ে জানাক।

এরপর হাইকোর্ট রাজ্যকে চার সপ্তাহ এবং মামলাকারীকে ৬ সপ্তাহের মধ্যে বক্তব্য হলফনামা দিয়ে জানানোর নির্দেশ দিয়েছেন।

*****************************

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর আজ ১১৩-তম জন্মদিনটি আজ নানা অনুষ্ঠানে পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে কলকাতায় প্রমোদ দাশগুপ্ত মেমোরিয়াল ট্রাস্টের উদ্যোগে প্রমোদ দাশগুপ্ত ভবনে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। নিউ টাউনে 'জ্যোতি বসু সেন্টার ফর সোশ্যাল স্টাডিজ এন্ড রিসার্চ'-এর পক্ষ থেকে বিকেলে আয়োজন করা হয়েছে এক আলোচনা সভা।

*****************************

কোচবিহারের শীতলকুচিতে CPIM নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়কে লক্ষ্য করে ডিম ছোঁড়ার ঘটনায় পুলিশের নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে ওই দল। তবে জরুরি শুনানির আর্জি খারিজ করে বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন, দ্রুত শুনানির প্রয়োজন নেই। নিয়ম মেনেই মামলা দায়ের করতে হবে। স্বাভাবিক পদ্ধতিতেই মামলা তালিকাভুক্ত হলে তবেই হবে শুনানি।

******************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের সৃষ্ট নিম্নচাপটি আরও পশ্চিম উত্তর-পশ্চিমে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কমেছে।

অন্যদিকে, বৃষ্টি বেড়েছে উত্তরবঙ্গে। আলিপুর আবহাওয়া দফতরের আঞ্চলিক অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, শুক্রবার ১০ তারিখ পর্যন্ত সেখানে ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে।

এই সময় পাহাড়ে ধস নামতে পারে বলেও সতর্ক করে দেওয়া হয়েছে।

*******************************************************************